“তোমার হায়েয(মাসিক স্রাব) তোমাকে যে পরিমাণ বিরত রাখত সে পরিমাণ তুমি বিরত থাকো। অতঃপর তুমি গোসল করো।”

উম্মুল মু’মিনীন ‘আয়িশাহ রদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন: উম্মু হাবীবাহ বিনতে জাহাশ, যিনি আবদুর রহমান ইবনু আওফ রাদিয়াল্লাহু ‘আনহুর স্ত্রী ছিলেন, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট রক্ত বের হওয়ার অভিযোগ করেন। তখন তিনি তাকে বলেন: “তোমার হায়েয(মাসিক স্রাব) তোমাকে যে পরিমাণ বিরত রাখত সে
পরিমাণ তুমি বিরত থাকো। অতঃপর তুমি গোসল করো।” ফলে তিনি প্রতি সালাতে গোসল
করতেন।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

একজন মহিলা সাহাবি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে অভিযোগ করলেন, তার রক্তস্রাব অব্যাহত রয়েছে। নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দিলেন, সে যেন তার স্বাভাবিক হায়েযের দিনগুলো পর্যন্ত সালাত থেকে বিরত থাকে, যেমনটি এই সমস্যা হওয়ার আগে তার হায়েযের সময় ছিল। এরপর সে গোসল করবে এবং সালাত আদায় করবে। তারপর সে প্রতিটি সালাতের জন্য স্বেচ্ছায় গোসল করত।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10015